অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল দুইটি অফশোর বায়ু প্রকল্পে অর্থদানের ঘোষণা করলেন, যা 2026 সালে পরিচ্ছন্ন বিদ্যুৎ প্রদান করবে

এম্পায়ার উইন্ড। এবং সানরাইজ উইন্ড 800 এর বেশি অদূর ভবিষ্যতের পরিবার টিকিয়ে রাখার চাকরির ব্যবস্থা করবে

2 বিলিয়ন মার্কিন ডলার অদূর ভবিষ্যতের অর্থনৈতিক বিকাশ বিনিয়োগ, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য সমর্থন থাকবে

অর্থপ্রাপ্ত প্রকল্পের মোট পরিচ্ছন্ন বিদ্যুৎ হবে 1,700 মেগাওয়াটের বেশি, এটি 35 বছরের বেশি সময়ে নিউ ইয়র্ক স্টেটে সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদনকারী প্রকল্প

সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালে মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ নিবেদিত অফশোর বায়ু বন্দর ফ্যাসিলিটির একটির নির্মাণ সম্ভব করবে

2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ু বিদ্যুৎ তৈরির জন্য স্টেটের জলবায়ু আইন লক্ষ্য অর্জনে অগ্রগতির প্রতিনিধিত্ব করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেট এর চতুর্থ অফশোর বায়ুর আবেদনের অনুরোধ থেকে দুইটি অফশোর বায়ু প্রকল্পকে শর্তসাপেক্ষে অর্থদান করেছে, একটি পরিকল্পিত 810 মেগাওয়াট প্রকল্প, এম্পায়ার উইন্ড 1 (Empire Wind 1) (যা ইকুইনর (Equinor) নির্মাণ করছে) এবং সানরাইজ উইন্ড (Sunrise Wind), একটি পরিকল্পিত 924 মেগাওয়াট প্রকল্প (যা ওরস্টেড (Orsted) এবং এভারসোর্স (Eversource) নির্মাণ করছে)। প্রতিযোগিতামূলকভাবে নির্বাচিত প্রকল্পগুলি অদূর ভবিষ্যতে 800 এর বেশি পরিবার টিকিয়ে রাখার মতো নির্মাণ চাকরি তৈরি করে এবং অদূর ভবিষ্যতে স্টেটব্যাপী 2 বিলিয়ন মার্কিন ডলার উন্নত অর্থনৈতিক বিকাশ বিনিয়োগ করবে, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য নির্মাতাদের প্রতিশ্রুতিবদ্ধ বিনিয়োগ রয়েছে। মোট 1,700 মেগাওয়াটের পরিচ্ছন্ন শক্তির এই প্রকল্পগুলি 2026 সালে কর্মকাণ্ড শুরু করলে 35 বছরের মধ্যে নিউ ওরেক্সস্টেটের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন প্রকল্প হবে, এবং এটি 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ু বিদ্যুৎ তৈরির জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের(Climate Leadership and Community Protection Act)(জলবায়ু আইন) লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত রাখবে।

"নিউ ইয়র্ককে নবায়ন যোগ্য শক্তি শিল্পখাতের ব্যবসা করার একটি স্থান করে তোলার জন্য আমি প্রতিশ্রুতি প্রদান করেছিলাম, এবং আমরা সেই প্রতিশ্রুতি পূরণ করছি," **গভর্নর হোকল বলেন।** "অফশোর বায়ু হলো জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ের জন্য ভিত্তিমূলক, এবং এইসব অর্থদান নিউ ইয়র্কবাসীর জন্য সেরা মূল্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ গ্রিড অগ্রসর করার ক্ষেত্রে আমাদের জাতীয় নেতৃত্বকে প্রদর্শন করে।"

"আজকের ঘোষণাটি হলো আমেরিকান অফশোর বায়ু শিল্পখাত বিকাশে, ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরির ক্ষেত্রে, এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে ঐতিহাসিক অগ্রগতি করার ব্যাপারে রাষ্ট্রপতি বাইডেনের অব্যাহত পদক্ষেপের মধ্যে সর্বশেষটি," **বলেন হোয়াইট হাউজের (White House) ডেপুটি জাতীয় জলবায়ু উপদেষ্টা ম্যারি ফ্র্যান্সেস রেপকো।** "রাষ্ট্রপতির আমেরিকায় বিনিয়োগ (Investing in America) এজেন্ডা থেকে পাওয়া সমর্থন নিয়ে এইসব প্রকল্প স্থানীয় কর্মী এবং সম্প্রদায়সমূহকে লাভবান করবে এবং এমন একটি অভ্যন্তরীণ প্রস্তুতকরণ ঘাঁটি তৈরি করবে যা পুরো দেশে বিস্তৃত হবে। একটি অভূতপূর্ব অফশোর বায়ু প্রয়াস গঠনের ক্ষেত্রে বাইডেন-হ্যারিস প্রশাসন গভর্নর হোকল এবং পুরো দেশের অন্যান্য গভর্নরের মতো নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখবে, যার মধ্যে রয়েছে বায়ু শক্তি খাতে প্রকল্প ও লীজের অনুমতি প্রদান থেকে শুরু করে মেড ইন আমেরিকা সরবরাহ চেইনের অনুঘটক সৃষ্টি এবং বন্দর ও ট্রান্সমিশন অবকাঠামোর সম্প্রসারণ।"

আজকের ঘোষণাটি হলো 2023 সালে গভর্নর হোকলের ঘোষিত নিউ ইয়র্কের 10 পয়েন্ট কর্মপরিকল্পনার অংশ হিসেবে স্টেট গৃহীত অব্যাহত পদক্ষেপের প্রতিনিধি, যার ফলে প্রতিযোগিতামূলকভাবে 1,700 মেগাওয়াটের (megawatts, MW) বেশি পরিচ্ছন্ন, স্থানীয়ভাবে উৎপন্ন শক্তি নির্বাচন করা হয়েছে যা এক মিলিয়ন নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ সরবরাহ করার জন্য এবং নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের বিদ্যুৎ চাহিদার আনুমানিক 10 শতাংশ পূরণ করার জন্য যথেষ্ট বিদ্যুৎ।

পূর্ণ প্রকল্প হিসেবে, নিউ ইয়র্কের উপকূলের 15 মাইল দূরে অবস্থিত এম্পায়ার উইন্ড ।, এবং লং আইল্যান্ডের পূর্ব প্রান্তের 30 মাইলের বেশি পূর্বে অবস্থিত সানরাইজ উইন্ড ইতিমধ্যে অধিকাংশ ফেডারেল ও স্টেট অনুমিত মাইলফলক পূরণ করেছে, যার মধ্যে রয়েছে এম্পায়ার উইন্ড । এর নির্মাণ ও কর্মকাণ্ড পরিকল্পনার জন্য গত সপ্তাহে সামুদ্রিক শক্তি ব্যবস্থাপনা ব্যুরো (Bureau of Ocean Energy Management, BOEM) থেকে চূড়ান্ত অনুমোদন প্রাপ্তি। উভয় প্রকল্প এই বছরে নির্মাণ কর্মকাণ্ডের গতিবৃদ্ধি করবে বলে আশা করা যাচ্ছে এবং একই সাথে স্থানীয় বিনিয়োগ এবং ব্যয় প্রতিযোগী হারে নিউ ইয়র্ক স্টেটের জন্য উন্নত অর্থনৈতিক সুবিধা চালনা করবে। চুক্তির সফল সম্পাদনের শর্তসাপেক্ষে আজকের অর্থদান হবে। পাশাপাশি, কমিউনিটি অফশোর বায়ু 2 (Community Offshore Wind 2) প্রকল্পকে অপেক্ষাতালিকায় রাখা হয়েছে এবং পরবর্তী কোনো সময়ে এটিকে অর্থ ও চুক্তির আলোচনার সুযোগ প্রদানের ব্যাপারে বিবেচনা করা হতে পারে।

সম্মিলিতভাবে এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ড যা করবে:

- বার্ষিক তিন মিলিয়ন মেট্রিক টন গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে, যা 740,000 এর বেশি গাড়ির বার্ষিক নিঃসরণের সমতুল।
- সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালের (South Brooklyn Marine Terminal) অ্যাসেম্বলি এবং স্টেজিং বন্দরের নির্মাণ ও কর্মকাণ্ডকে অগ্রসর করবে, একটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত বর্তমানে নিষ্ক্রিয় 70 একরের ওয়াটারফ্রন্ট সাইটকে একটি সমৃদ্ধ অফশোর বায়ু বন্দরে রূপান্তরিত করার জন্য এই বছরে 400 এর বেশি নির্মাণ চাকরি সম্ভব করবে।
- কয়েম্যান্স বন্দরে আধুনিক ভিত্তি উপাদানের সাথে সংশ্লিষ্ট নির্মাণ ও প্রস্তুতকরণে 80 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে।
- লং আইল্যান্ডের বিদ্যুৎ গ্রিড অবকাঠামোতে মোট 135 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করা এবং 200 মিলিয়ন মার্কিন ডলার ট্রান্সমিশন সম্পর্কিত বিনিয়োগ করা অব্যাহত রাখবে, যা ভারী সরঞ্জামের অপারেটর, ইলেক্ট্রিশিয়ান, এবং লাইন ওয়ার্কারসহ লং আইল্যান্ডের দক্ষ ট্রেডসম্যান ও উইমেনের সাথে করা একটি প্রকল্প শ্রম চুক্তির (Project Labor Agreement) দ্বারা সমর্থিত হবে।
- ক্ষতিকর দূষকের হ্রাসকৃত সংস্পর্শের ফলে জনস্বাস্থ্য সুবিধা প্রদান করবে, যার মধ্যে আছে অসুস্থতা ও অকাল মৃত্যুর অপেক্ষাকৃত কম ঘটনা, অপেক্ষাকৃত কম দিন স্কুল বা কাজে অনুপস্থিতি, ব্যবসার কম ব্যাঘাত, এবং অপেক্ষাকৃত কম স্বাস্থ্যসেবা ব্যয়।
- সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ, সংখ্যালঘু, নারী মালিকানাধীন, এবং ভেটেরান মালিকানাধীন ব্যবসার সমর্থনে 117 মিলিয়ন মার্কিন ডলার, এবং 43 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কর্মীবাহিনী বিকাশ বিনিয়োগ নিয়ে জলবায়ু আইনের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ একাধিক সুবিধা প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "প্রতিযোগিতা, একটি বলিষ্ঠ মূল্যায়ন প্রক্রিয়া এবং আজকের বাজারে প্রতিযোগিতামূলক এম একটি ব্যয়ের ফলাফল নিশ্চিত করে এমন একটি উপায়ে এই ত্বরান্বিত আবেদনের অনুরোধটি দক্ষতার সাথে সম্পাদন করার মাধ্যমে বাজারের চ্যালেঞ্জের দ্রুত সাড়াদান করার ব্যাপারে NYSERDA দল যেই সক্ষমতা প্রদর্শন করেছে তার জন্য আমি অত্যন্ত গর্বিত। এখন ইকুইনর এবং ওরস্টেড ও এভারসোর্সকে এগিয়ে আসতে দেখার জন্য এবং অদূর ভবিষ্যতে এই প্রকল্পের শক্তি প্রদান করা দেখতে আমরা উদগ্রীব। আজকের ঘোষণাটি নবায়নযোগ্য শক্তি খাতে গভর্নর হোকলের নেতৃত্ব এবং পরিচ্ছন্ন অফশোর বায়ু শক্তি প্রদান করবে, ভবিষ্যৎ প্রজন্মের চাকরি তৈরি করবে এবং একই সময়ে অতি গুরুত্বপূর্ণ বন্দর অবকাঠামো নির্মাণ করবে এমন কোম্পানির সাথে অংশীদারিত্ব করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিতে আরেকবার প্রদর্শন করেছে।"

এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ড এর পূর্বে 2019 সালে NYSERDA এর প্রথম অফশোর বায়ু আবেদনের অনুরোধের একটি অংশ হিসেবে NYSERDA থেকে অর্থলাভ করেছে। এইসব অর্থদানের একটি অংশ হিসেবে, এই প্রকল্পগুলিকে একটি নতুন চুক্তির প্রবিধানের আওতায় গণ্য করা হবে যা স্টেটের জন্য অতিরিক্ত সুবিধা নিয়ে আসবে, যেমন:

- মূল চুক্তিতে যা ছিলো তার থেকে বেশি নতুন অর্থনৈতিক লাভের প্রতিশ্রুতি, যার মধ্যে নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে সম্প্রদায়ভিত্তিক বিনিয়োগের জন্য 32 মিলিয়ন মার্কিন ডলার এবং বন্যপ্রাণী ও মৎস্য পর্যবেক্ষণের জন্য 16.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি রয়েছে।
- সর্বনিম্ন 188 মিলিয়ন মার্কিন ডলারের মার্কিন যুক্তরাষ্ট্রের লোহা ও স্টিল ক্রয়ের প্রতিশ্রুতি, যা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রস্তুতকরণ এবং নিউ ইয়র্ক বাই আমেরিকান আইনকে (New York Buy American Act) সমর্থন করবে।
- কর্মকাণ্ড এবং রক্ষণাবেক্ষণ সেবার জন্য শ্রম শান্তি চুক্তির (Labor Peace Agreements) আবশ্যিকতা।

এই অর্থদানের অধীনে, এই প্রকল্প চলাকালীন সম্পূর্ণ সময়ে গ্রাহকদের জন্য গড় বিল প্রভাব হবে আনুমানিক দুই শতাংশ, বা মাসিক প্রায় 2.09 মার্কিন ডলার। অর্থপ্রাপ্ত অফশোর বায়ু প্রকল্পের চুক্তির সম্পূর্ণ সময়কালজুড়ে, সবকিছু অন্তর্ভুক্ত করে বিকাশের ওয়েইটেড গড় ব্যয় হবে প্রতি মেগাওয়াট-ঘণ্টার জন্য 150.15 মার্কিন ডলার যা সর্বশেষ বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ। চুক্তির সফল সম্পাদনের পর, যখন প্রকল্পের সকল আবশ্যিক অনুমতি ও অনুমোদন পাওয়া যাবে, সম্পূর্ণ করা হবে এবং নিউ ইয়র্কে পরিচ্ছন্ন শক্তি প্রদান শুরু হবে তখন এইসব অর্থদানের জন্য NYSERDA এর পরিশোধ শুরু হবে।

ইকুইনর রিনিউয়েবলস আমেরিকাসের (Equinor Renewables Americas) প্রেসিডেন্ট মলি মরিস বলেন, "গভর্নর হোকল এবং NYSERDA আরেকবার অফশোর বায়ুর প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করেছে এবং এম্পায়ার উইন্ড যে পথ প্রদর্শনে সাহায্য করার জন্য নির্বাচিত হয়েছে তার জন্য আমরা কৃতজ্ঞ। এটি একটি অগ্রসর প্রকল্প যা শীঘ্রই লাখ লাখ নিউ ইয়র্কবাসীকে নির্ভরযোগ্য নবায়নযোগ্য শক্তি প্রদান করবে, এবং সাথে থাকবে স্থানীয় পর্যায়ে শুরু হওয়া এবং পুরো স্টেটে বিস্তৃত হয়ে যাওয়া পরিবেশগত এবং অর্থনৈতিক লাভ। এই ত্বরান্বিত প্রক্রিয়া সম্পাদন করার জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA কে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বসন্তে সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালের কাজ শুরু করার দিকে অগ্রসর হওয়ার সময় অব্যাহত সম্প্রদায় জড়িতকরণের জন্য উন্মুখ।"

ওরস্টেড গ্রুপের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং আমেরিকাস প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড হার্ডি বলেন, "নিউ ইয়র্কের চতুর্থ অফশোর বায়ু আবেদনের অনুরোধে এইসব প্রবিধানিক অর্থদানের ফলে, আমরা স্টেটের অফশোর বায়ু অর্থনীতির সকল অংশকে একত্রিত হতে দেখতে পারছি, এবং নতুন আমেরিকান পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতে সানরাইজ উইন্ড যেই ভূমিকা পালন করবে তা নিয়ে আমরা অত্যন্ত গর্বিত। বর্তমান ও ভবিষ্যৎ নিউ ইয়র্কবাসীদের কল্যাণে একটি অতি গুরুত্বপূর্ণ মুহূর্তে এই শিল্পখাতকে অগ্রসর করার জন্য আমরা গভর্নর হোকল এবং তার প্রশাসনকে ধন্যবাদ জানাচ্ছি। সানরাইজ উইন্ড 2026 সালের শেষের পূর্বে নিউ ইয়র্কের গ্রিডে প্রায় এক গিগাওয়াট পরিচ্ছন্ন বিদ্যুৎ ধারণক্ষমতা যোগ করার পথে রয়েছে, এবং একই সাথে তারা চাকরি ও নতুন ক্যারিয়ার পথ তৈরি করবে, স্থানীয় সম্প্রদায়ে বিনিয়োগ করবে, আঞ্চলিক শক্তি মিশ্রণকে বৈচিত্র্যময় করবে, এবং স্টেটকে এর পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের দিকে অগ্রসর করবে।"

এইসব অর্থদানের ভিত্তিতে এবং নিউ ইয়র্কের 10 পয়েন্ট কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে, NYSERDA 2024 সালের এপ্রিল আমিষের মধ্যে টিয়ার 1 ভূমিভিত্তিক নবায়নযোগ্য প্রকল্প ঘোষণা করার প্রত্যাশা রাখে। নিউ ইয়র্কের 10 পয়েন্ট কর্মপরিকল্পনার কাজ হলো পরিচ্ছন্ন শক্তি বিকাশ, টেকসই অবস্থা, এবং অর্থনৈতিক বিকাশে স্টেটের নিবেদনকে পাকাপোক্ত করা এবং জলবায়ু আইনের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে স্টেটের অগ্রগতির সমর্থন করা, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎস থেকে পাওয়া।

জনসেবা কমিশনের (Public Service Commission) প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "নিউ ইয়র্ক যাতে এর পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সঠিক পথে থাকে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের সংকল্পিত উদ্যমের আমি প্রশংসা করছি। এমন প্রকল্প ভালো বেতনের, পরিচ্ছন্ন শক্তির চাকরি তৈরি করবে যা ভবিষ্যতে দীর্ঘদিন পর্যন্ত আমাদের অর্থনীতিকে সমর্থন করার জন্য আমাদের প্রয়োজন হবে।"

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "আজকের ঘোষণাটি অনাকাঙ্ক্ষিত চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতি প্রদর্শন করে। গভর্নরের নেতৃত্বের জন্য আমি তার প্রশংসা করছি এবং আশাবাদী যে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তন সামাল দেওয়া অব্যাহত রাখবে, আমাদের জলবায়ু লক্ষ্য অর্জন করবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য অতি গুরুত্বপূর্ণ লাভ প্রদান করবে।"

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "এই প্রকল্পসমূহ নিউ ইয়র্কের সুযোগের নতুন যুগের ভোরের প্রতিনিধিত্ব করে, যেখানে পরিচ্ছন্ন শক্তির প্রকল্প হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি কবে এবং আমাদের বাসা ও ব্যবসাতে প্রচুর পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করবে এবং একই সাথে আমাদের অর্থনীতিকে গ্রহ হত্যাকারী নিঃসরণ থেকে মুক্ত করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "এই দুইটি পুনরায় নিলামকৃত অফশোর বায়ু চুক্তির ঘোষণা 2030 সালের মধ্যে আমাদের 70 শতাংশ অর্জনের গতি বজায় রাখার ক্ষেত্রে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে তুলে ধরে। পূর্ণ এই দুটি প্রকল্প ডাউনস্টেট নিউ ইয়র্কের প্রয়োজনীয় ক্ষমতার 10 শতাংশের প্রতিনিধিত্ব করে এবং এটির এক মিলিয়ন নিউ ইয়র্ক বাসার বিদ্যুৎ সরবরাহের জন্য পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ করার কথা রয়েছে, এবং একই সাথে এটি আমাদের সম্প্রদায়সমূহে বিনিয়োগ করবে, ভালো বেতনের চাকরি তৈরি করবে, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রস্তুতকরণ ও নিউ ইয়র্ক বাই আমেরিকান আইনকে সমর্থন করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "বায়ুর মতো পরিচ্ছন্ন, টেকসই শক্তিতে স্থানান্তরিত হওয়া নিউ ইয়র্কের জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয়। এম্পায়ার উইন্ড 1 এবং সানরাইজ উইন্ড শুধু 1,700 মেগাওয়াট পরিচ্ছন্ন শক্তি নিয়ে আসবে না এ, বরং এই প্রকল্পগুলি 800 এর বেশি টেকসই চাকরি তৈরি করবে এবং কয়েক বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক বিকাশ তৈরি করবে, প্রমাণ করবে যে পরিবেশকে রক্ষা করে এমন প্রকল্প চাকরি তৈরি করতে এবং নিউ ইয়র্কের অর্থনীতির বিকাশ করতে পারে। এই প্রকল্প দ্বারা এবং এর বাইরেও নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যসমূহকে অগ্রসর করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্বের আমি প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্ক জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনে নির্ধারিত লক্ষ্যসমূহ অর্জনের চেষ্টা অব্যাহত রেখেছে, তাই আমাদের পরিচ্ছন্ন শক্তি অবকাঠামোকে উন্নত করবে এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন ক্যারিয়ার তৈরি করবে এমন বৃহৎ আকারের অফশোর বায়ু প্রকল্পসমূহে অগ্রসর করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। লং আইল্যান্ড এবং ব্রুকলিনের উপকূলের এইসব উদ্যোগকে অগ্রসর করার ব্যাপারে অ্যালবানি এবং NYSERDA এর নেতৃত্বের আমরা প্রশংসা করছি, এগুলি আমাদেরকে আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের দিকে নিয়ে যাবে, নতুন সবুজ অর্থনীতি নিয়ে আসতে সাহায্য করবে, এবং আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে উত্থিত করবে। এইসব অতি গুরুত্বপূর্ণ প্রকল্পকে অগ্রসর করার ক্ষেত্রে ভূমিকা রাখার জন্য এবং পরিবার টিকিয়ে রাখার মতো ক্যারিয়ারের সন্ধান ও তার ফলে সৃষ্ট মধ্যবিত্ত শ্রেণীতে প্রবেশের পথ পাওয়ার জন্য আমাদের ট্রেডসম্যান ও ট্রেডসউইমেন উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "গত বছর গভর্নরের স্বাক্ষর করা বিধিমালার কারণে এই অর্থদানে আরো কঠোর সংবিধিবদ্ধ শ্রম মানদণ্ড রয়েছে সেই ব্যাপারে আমরা খুশি। এটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ এমন কর্মীদের দ্বারা গঠিত, পরিচালিত, রক্ষণাবেক্ষণকৃত, মেরামতকৃত, এবং প্রস্তুত হবে যারা ভালো বেতন উপার্জন করবে, এবং ইউনিয়ন চুক্তির দ্বারা নিশ্চিত হওয়া ভাতা ও সুরক্ষা উপভোগ করবে।"

নিউ ইয়র্ক সিটি কেন্দ্রীয় শ্রম পরিষদের প্রেসিডেন্ট ভিনসেন্ট আলভারেজ বলেন, "35 বছরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে অর্থদানের মাধ্যমে আজকে ঘোষিত গুরুত্বপূর্ণ অগ্রগতির জন্য, এবং একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে স্থানান্তর হওয়ার সময় একটি দৃঢ় শ্রম মানদণ্ডের প্রতি তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য নিউ ইয়র্ক সিটি কেন্দ্রীয় শ্রম পরিষদ, AFL-CIO গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছে। আমরা যাতে আমাদের নবায়নযোগ্য শক্তি ভবিষ্যতে বিনিয়োগ ক্রি, জলবায়ু পরিবর্তন নিয়ে কাজ করি এবং শক্তি স্বাধীনতা অর্জনে সাহায্য ক্রয় তা নিশ্চিত করার জন্য একত্রে কাজ অব্যাহত রাখতে NYC লেবার মুভমেন্ট উন্মুখ, এবং এছাড়াও আমরা ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি বলীয়ান ও স্থিতিস্থাপক অর্থনীতি গঠন করবো।"

লং আইল্যান্ড লেবার ফাউন্ডেশনের AFL-CIO প্রেসিডেন্ট জন ডুর্সো বলেন, "আমরা যেসব কর্মজীবী মানুষের প্রতিনিধিত্ব করি তারা জলবায়ু সঙ্কটের সম্মুখসারিতে রয়েছে, এবং আজকে সম্মুখসারির জন্য একটি ভালো দিন। আবেদনের অনুরোধের এই প্রক্রিয়াটি ত্বরান্বিত করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্ব 2035 সালের মধ্যে 9 GW অর্জনে নিউ ইয়র্ক স্টেটকে সঠিক পথে রেখেছে এবং এটি এমন উন্নত অর্থনৈতিক বিনিয়োগ প্রদান করেছে যা লং আইল্যান্ডের কর্মজীবীদের সচল রাখবে।"

নাসাউ ও সাফোক কাউন্টি বিল্ডিং ও কন্সট্রাকশন ট্রেডস কাউন্সিলের প্রেসিডেন্ট ম্যাথু আরাচিচ বলেন, "নিউ ইয়র্কের চতুর্থ আবেদনের অনুরোধ সংক্রান্ত তাদের নেতৃত্ব ও পরিশ্রমের জন্য আমি গভর্নর হোকল এবং NYSERDA কে ধন্যবাদ জানাতে চাই। এই আবেদনের

অনুরোধের ফলে যে 400 পরিবার টিকিয়ে রাখার মতো বিল্ডিং ট্রেডস নির্মাণ চাকরি তৈরি হবে তা সত্যিই লং আইল্যান্ডের অর্থনীতির কাটা ঘুরিয়ে দিবে। অফশোর বায়ু শিল্পখাত দ্বারা প্রদত্ত সুযোগটি বিল্ডিং ট্রেডসকে বহু বছর ধরে সম্প্রদায়ের সদস্য থেকে নবিশ হয়ে জার্নিম্যান হওয়ার আমাদের পথটি প্রদান করবে; এই পাইপলাইনটি আমাদের স্থানীয় বাসিন্দাদের জন্য মধ্যবিত্ত শ্রেণীতে পৌঁছানোর একটি বাস্তব পথ প্রদান করে।"

NY ক্লিন এনার্জি অ্যালায়েন্সের (Alliance for Clean Energy NY) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক ডেব পেক কেলেহার বলেন, "আজকের ঘোষণাটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি বিজয়। সম্পূর্ণ হওয়ার পর এই অফশোর বায়ু প্রকল্পগুলি আমাদের স্টেটের জলবায়ু এবং নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনে একটি বাস্তব প্রভাব ফেলবে। নিউ ইয়র্কবাসীরা পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপাদনের ফলে স্বস্তিতে নিঃশ্বাস নিতে পারবে। একটি বিকাশমান শিল্পখাত হিসেবে, অফশোর বায়ু আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের একটি অংশ হওয়া অব্যাহত রাখবে।"

লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Long Island Association, LIA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট কোহেন বলেন, "অতি গুরুত্বপূর্ণ অফশোর বায়ু প্রকল্প অগ্রসর করার জন্য LIA গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছে, যা লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক স্টেটে রূপান্তরমূলক অর্থনৈতিক এবং পরিচ্ছন্ন শক্তি সুবিধা নিয়ে আসবে। চাকরি তৈরি এবং সরবরাহ চেইনের সুযোগ তৈরির ব্যাপারে আমরা দেশের শীর্ষেই আছি এবং একই সাথে ওরস্টেড এবং ইকুইনরের সাথে অংশীদারিত্বে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করছি তাই গোটা দেশের চোখ এখন আমাদের অঞ্চলের উপর।"

নিউ ইয়র্ক অফশোর বায়ু জোটের (New York Offshore Wind Alliance) পরিচালক ফ্রেড জ্যাল্কম্যান বলেন, "একাধিক অগ্রসর পর্যায়ের OSW প্রকল্পে হোকল প্রশাসনের অর্থদান নিউ ইয়র্কের অর্থনীতি ও পরিবেশের জন্য একটি বিশাল বিজয়, এবং এটি প্রকল্পের উপাদানের প্রস্তুতকরণ এবং বন্দরের পার্শ্ববর্তী নির্মাণ কর্মকাণ্ডের একটি অতি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ককে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করে। আজকের ঘোষণার মাধ্যমে, স্টেট দক্ষতার সাথে কোভিড পরবর্তী বৈশ্বিক অর্থনীতিতে অর্থনৈতিক প্রতিবন্ধকতার সামাল দিতে পেরেছে এবং সন্দেহাতীতভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের অফশোর বায়ু শিল্পখাতকে আরো দৃঢ় ও অন্তর্ভুক্তিকর অবস্থানে নিয়ে গেছে এবং একই সাথে ভোক্তার স্বার্থকে সুরক্ষিত রেখেছে।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "এই বছর অগ্রসর হবে এমন দুইটি নির্মাণের জন্য প্রস্তুত প্রকল্প, এম্পায়ার 1 এবং সানরাইজ উইন্ড নির্বাচন করা শুধু স্টেটের পরিচ্ছন্ন শক্তি পোর্টফোলিওর জন্য একটি আশীর্বাদ নয়, বরং এছাড়াও এটি অভ্যন্তরীণ নবায়নযোগ্য শক্তি সরবরাহ চেইনের সূচনা করে দিবে এবং একই সাথে কয়েকশত ভালো বেতনের নির্মাণ চাকরি প্রদান করবে, যা এটিকে পরিবেশ ও অর্থনীতি উভয়ের জন্য একটি বিজয় করবে। জলবায়ু পরিবর্তনের থেকে জরুরি কোনো হুমকি নেই এবং জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসার থেকে বড় কোনো প্রয়োজন নেই তা উপলব্ধি করার জন্য এবং স্টেটের পরিচ্ছন্ন শক্তি প্রতিশ্রুতি পূরণ করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি।"

সিটিজেন্স ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment, CCE) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "সানরাইজ উইন্ড এবং এম্পায়ার উইন্ডের নির্বাচন স্পষ্টতই এই ইঙ্গিত প্রদান করে যে নিউ ইয়র্ক অফশোর বায়ু অগ্রসর করার ব্যাপারে এবং আমাদের নবায়নযোগ্য শক্তি অভ্যুত্থান অব্যাহত রাখার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। এই দুইটি অফশোর বায়ু প্রকল্প ইতিমধ্যে প্রবিধান ও সাইটের প্রক্রিয়ায় অনেকদূর অগ্রসর হয়েছে যা সময়ের ক্ষেত্রে সুবিধা প্রদান করে যা নিউ ইয়র্ক বিজ্ঞের মতো ব্যবহার করেছে। এই প্রকল্পসমূহ অব্যাহত রাখা বুদ্ধিমান অর্থনৈতিক সিদ্ধান্ত যা স্থানীয় চাকরি, পরিচ্ছন্নতর বায়ু প্রদান করবে এবং আমাদেরকে আমাদের কার্বন হ্রাস লক্ষ্য অর্জনে সহায়তা করবে। মূল্যবান এই ঘোষণা আমাদের শক্তি রূপান্তরের ক্ষেত্রে ইতিবাচক গতিবেগ তৈরি করবে এবং সাহসিকতার সঙ্গে এই বার্তা প্রদান করে যে অফশোর বায়ু বাস্তবায়নের ব্যবসার জন্য নিউ ইয়র্ক উন্মুক্ত রয়েছে। গভর্নর হোকলের নেতৃত্ব এবং NYSERDA দলের পুঙ্খানুপুঙ্খ, অর্থপূর্ণ ত্বরান্বিত পর্যালোচনাকে ধন্যবাদ। একত্রে আমরা আরো পরিচ্ছন্ন, আরো সবুজ নিউ ইয়র্ক গঠন করছি।"

নিউ ইয়র্ক সিটি এনভায়রনমেন্টাল জাস্টিস অ্যালায়েন্সের (New York City Environmental Justice Alliance, NYC-EJA) নির্বাহী পরিচালক এডি বাতিস্তা বলেন, "এই অফশোর বায়ু প্রকল্পসমূহকে অগ্রসর হতে দেখে NYC-EJA অতি আনন্দিত। এই প্রকল্পগুলি আমাদের বন্দর ও শক্তি অবকাঠামোকে ব্যাপকভাবে আধুনিকায়িত করার এবং একই সাথে আমরা যেই বায়ুতে নিঃশ্বাস গ্রহণ করি তা পরিচ্ছন্ন করার সুযোগ নিয়ে আসছে। আমাদের ওয়াটারফ্রন্টের নতুন করে শিল্পজাতকরণ যদি সঠিকভাবে করা হয় তাহলে তা আমাদের সম্প্রদায়ের সদস্যদের চাকরি প্রদান করবে এবং তার জন্য আমাদের স্বাস্থ্যকে বিসর্জন দিতে হবে না। আমাদের এলাকার কর্মজীবী মানুষ যাতে এইসব বিনিয়োগের পরিণামে লাভবান হয় তা নিশ্চিত করার জন্য এইসব প্রকল্পের বিকাশ ও কর্মকাণ্ডে একটি সক্রিয় ভূমিকা পালন করতে আমরা উন্মুখ।"

ইকোনোমিক গ্রোথ সেন্টারের (Center for Economic Growth) প্রেসিডেন্ট মার্ক ইগান বলেন, "আজকের ঘোষণাটি অফশোর বায়ুর জন্য একটি টেকসই এবং বলীয়ান বাজার তৈরির জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির ইঙ্গিত প্রদান করে। ক্যাপিটাল রিজিয়নে সম্প্রদায়ের ও অর্থনৈতিক সুবিধা প্রদান করার জন্য এম্পায়ার উইন্ড এবং সানরাইজ উইন্ডের সাথে CEG এর অংশীদারিত্ব অব্যাহত রাখতে উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনের (New York City Economic Development Corporation, NYCEDC) প্রধান পরিচালনা কর্মকর্তা মেলিসা রোমান বার্ক বলেন, "স্টেটের চতুর্থ অফশোর বায়ুর আবেদনের অনুরোধ রাউন্ডে এম্পায়ার উইন্ড 1 প্রকল্পকে নির্বাচন করা আমাদেরকে সাউথ ব্রুকলিন মেরিন টার্মিনালকে দেশের সর্ববৃহৎ অফশোর বায়ু বন্দর ফ্যাসিলিটির একটিতে রূপান্তরিত করার আরেক ধাপ কাছে নিয়ে যাবে এবং পরিচ্ছন্ন শক্তি খাতে অর্থপূর্ণ চাকরি তৈরির পথ তৈরি করে দিবে। বেসরকারি খাতে আমাদের অংশীদারদের সাথে, এবং সেই সাথে স্টেট ও সিটির সরকারের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ, যাতে করে আমাদের ওয়াটারফ্রন্ট অবকাঠামোর পুনরুজ্জীবন, একটি পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যৎ গঠন, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য চাকরি তৈরির কাজ অব্যাহত রাখা যায়।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়ন যোগ্য শক্তি উৎপাদন, এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রিন ব্যাংক (Green Bank) প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500টি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায়কে (Clean Energy Communities) নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন